# আদমজী ক্যান্টনমেন্ট কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট

## ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থীদের ভর্তি, বেতন ও ইউনিফর্ম তৈরি (৪র্থ পর্যায়ে নির্বাচিত)

১। **ভর্তি:**

ক। **৪র্থ পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তির তারিখ:** আগামী ২৮-০৯-২০২৫ ও ২৯-০৯-২০২৫ তারিখ।

খ। **ভর্তি প্রক্রিয়ার জন্য:** আদমজী ক্যান্টনমেন্ট কলেজের ওয়েবসাইট: www.acc.edu.bd তে প্রবেশ করে **XI Class Admission** বাটনে ক্লিক করুন অথবা https://vortibd.com/institute/17/224 ক্লিক করুন।

গ। **প্রদেয় ফরম অনুযায়ী সকল তথ্যাদি পূরণ:** নিম্নলিখিত তথ্যাদি পূর্ব থেকেই সংগ্রহপূর্বক কার্যসম্পাদন করতে হবে।

(১) শিক্ষার্থীর নাম, ইউনিফর্মে মুদ্রণের জন্য শিক্ষার্থীর এসএসসি সনদের মূল নামের অংশ, জন্ম তারিখ, জন্ম নিবন্ধন সনদের নম্বর, শিক্ষার্থীর রক্তের গ্রুপ, শিক্ষার্থীর মোবাইল নম্বর, জরুরি মোবাইল নম্বর (পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর), শিক্ষার্থী কোন ক্যাটাগরি যেমন: Army Serving, Army Retired, Air Force Serving, Air Force Retired, Navy Serving, Navy Retired, Defence Budget (Serving), Civil, Home District উল্লেখ করতে হবে।

(২) শিক্ষার্থী ইতঃপূর্বে কোনো সহশিক্ষামূলক কার্যক্রমে সম্পৃক্ত কিনা তা উল্লেখ করতে হবে, বর্তমানে কলেজে ৩০টি ক্লাব রয়েছে উক্ত ক্লাবসমূহের মধ্যে একজন শিক্ষার্থী কমপক্ষে ০২টি ও সর্বোচ্চ ০৩টি ক্লাবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া শিক্ষার্থীর ভবিষ্যৎ জীবনের লক্ষ্য কী তা লিপিবদ্ধ করতে হবে।

(৩) শিক্ষার্থীর পিতার নাম, পেশা, পদবি, কর্মস্থলের ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, বাৎসরিক আয় এবং সামরিক হলে উল্লিখিত তথ্যাদিসহ Job Location, Rank, Unit Name, BA/Regiment No ইত্যাদি তথ্য উল্লেখ করতে হবে।

(৪) শিক্ষার্থীর মায়ের নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, চাকরিজীবী হলে কর্মস্থলের ঠিকানা ও পদবি উল্লেখ করতে হবে।

(৫) বর্তমান ও স্থায়ী ঠিকানা বিস্তারিত উল্লেখ করতে হবে।

(৬) শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, জিপিএ, মোট প্রাপ্ত নম্বর, বোর্ডের নাম, স্কুলের নাম, এসএসসির শিক্ষাবর্ষ, পাশের সন, এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের বিভাগ ইত্যাদি।

(৭) শিক্ষার্থীর একাদশ শ্রেণিতে পঠিত বিষয়সমূহ নির্বাচন (পঠিত বিষয়সমূহের সংযুক্ত তালিকা অনুযায়ী)।

(৮) শিক্ষার্থী, পিতা, মাতা ও অভিভাবকের পাসপোর্ট সাইজের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করা।

ঘ। **কলেজের প্রদেয় ফি পরিশোধ:** অনলাইনে TAP (Trust Axiata Pay), bKash ও SSL Commerz এর মাধ্যমে বেতন ও বার্ষিক ফি পরিশোধ করতে হবে।

ঙ। **EQ ও FFQ কোটা:** EQ ও FFQ কোটায় নির্বাচিত শিক্ষার্থীরা আগামী ২৮-০৯-২০২৫ তারিখ সকাল ০৯০০ ঘটিকা থেকে ১৪০০ ঘটিকার মধ্যে সশরীরে কলেজে এসে কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কমিটি কর্তৃক যাচাইপূর্বক নিশ্চায়ন সম্পন্ন করার পর অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণ করতে হবে। পরবর্তীতে তারা একই পদ্ধতিতে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

২। **ভর্তির সময় প্রদেয় টাকার পরিমাণ:** ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত হারে টাকা জমা দিয়ে আগামী ২৮-০৯-২০২৫ ও ২৯-০৯-২০২৫ তারিখের মধ্যে ভর্তি হতে হবে।

**বিজ্ঞান বিভাগ (বাংলা ও ইংরেজি ভার্সন)**

| বিবরণ | অসামরিক | | সামরিক কর্মরত ও অবসর প্রাপ্ত এবং প্রতিরক্ষা খাত হতে বেতন ভুক্ত (কর্মরত) | |
|---|---|---|---|---|
| | বাংলা মাধ্যম | ইংরেজি মাধ্যম | বাংলা মাধ্যম | ইংরেজি মাধ্যম |
| বার্ষিক ফি | ৭,৫০০ | ৮,০২৫ | ৫,৮৫০ | ৭,৫৭৫ |
| দুই মাসের বেতন | ৫,০৫০ | ৭,১০০ | ২,২৫০ | ৩,৭৫০ |
| মোট | ১২,৫৫০ | ১৫,১২৫ | ৮,১০০ | ১১,৩২৫ |

**ব্যবসায় শিক্ষা বিভাগ (বাংলা ও ইংরেজি ভার্সন) এবং মানবিক বিভাগ (বাংলা ভার্সন)**

| বিবরণ | অসামরিক | | সামরিক কর্মরত ও অবসর প্রাপ্ত এবং প্রতিরক্ষা খাত হতে বেতন ভুক্ত (কর্মরত) | |
|---|---|---|---|---|
| | বাংলা মাধ্যম | ইংরেজি মাধ্যম | বাংলা মাধ্যম | ইংরেজি মাধ্যম |
| বার্ষিক ফি | ৭,৫০০ | ৮,০২৫ | ৫,৮৫০ | ৭,৫৭৫ |
| দুই মাসের বেতন | ৪,৯৫০ | ৬,০০০ | ২,০৫০ | ৩,০০০ |
| মোট | ১২,৪৫০ | ১৪,০২৫ | ৭,৯০০ | ১০,৫৭৫ |

**নোট: সামরিক বাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত এবং প্রতিরক্ষা খাত থেকে বেতনভুক্ত কর্মরত সদস্যদের সন্তানদের ভর্তির জন্য শিক্ষার্থীর নাম উল্লেখপূর্বক নিজ নিজ ইউনিট/কোরো/রেকর্ড থেকে যথাযথ সনদপত্রের কপি পরবর্তীতে ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে। অতএব অনলাইনে ভর্তি ফরম এন্ট্রির সময় ক্যাটাগরি দেখে নির্বাচন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

৩। **ইউনিফর্ম (ড্রেস):**

(ক) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির লক্ষ্যে **EQ ও FFQ কোটার শিক্ষার্থী ব্যতীত** আদমজী ক্যান্টনমেন্ট কলেজে চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে এবং নিশ্চায়ন সম্পন্ন করেছে তাদেরকে কলেজ ক্যান্টিন থেকে ইউনিফর্মের কাপড় সংগ্রহ করে কলেজের নির্ধারিত নমুনা অনুযায়ী যেকোনো টেইলার্স থেকে আগামী **১১-১০-২০২৫** তারিখের মধ্যে প্রস্তুত করার জন্য বলা হলো। ৪র্থ পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের আগামী **১২-১০-২০২৫** তারিখ থেকে ক্লাস শুরু হবে। ইউনিফর্ম ব্যতীত কোন শিক্ষার্থী ক্লাসে অংশগ্রহণ করতে পারবে না।

(খ) **EQ ও FFQ** কোটায় নির্বাচিত শিক্ষার্থীরা সশরীরে কলেজে এসে কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কমিটি কর্তৃক যাচাইপূর্বক নিশ্চায়ন সম্পন্ন করার পর অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং ভর্তি নিশ্চিত সাপেক্ষে কলেজের ইউনিফর্ম তৈরি করবে।

৪। **ক্লাস শুরু: ৪র্থ পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের আগামী ১২ অক্টোবর, ২০২৫ (রবিবার)। কলেজে আসার সময়: সকাল: ০৭৪৫ ঘটিকা।**

৫। **প্রয়োজনীয় কাগজপত্র জমা:** ক্লাস শুরুর পর নোটিশ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষকের নিকট নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

(ক) শিক্ষার্থীর এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং এর ফটোকপি।
(খ) শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
(গ) শিক্ষার্থীর কলেজ ইউনিফর্ম পরিহিত পার্সপোট সাইজের রঙিন ছবি ০২ কপি।
(ঘ) শিক্ষার্থীর পিতা, মাতা ও অভিভাবকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি করে রঙিন ছবি।
(ঙ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
(চ) শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৬। **পঠিত বিষয়সমূহ:** একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পঠিত বিষয়সমূহ নিম্নরূপ:

**বিজ্ঞান বিভাগ (বাংলা ও ইংরেজি ভার্সন)**

**আবশ্যিক বিষয়সমূহ:** (১) বাংলা, (২) ইংরেজি, (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, (৪) পদার্থবিজ্ঞান, (৫) রসায়ন বিজ্ঞান।
**৩য় বিষয় (যে কোন একটি) :** (১) উচ্চতর গণিত, (২) জীববিজ্ঞান।
**৪র্থ বিষয় (যে কোন একটি):** (১) উচ্চতর গণিত, (২) জীববিজ্ঞান।

**ব্যবসায় শিক্ষা বিভাগ (বাংলা ও ইংরেজি ভার্সন)**

**আবশ্যিক বিষয়সমূহ:** (১) বাংলা, (২) ইংরেজি, (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, (৪) হিসাববিজ্ঞান, (৫) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
**৩য় বিষয় (যে কোন একটি) :** (১) ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, (২) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।
**৪র্থ বিষয় (যে কোন একটি):** (১) ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, (২) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, (৩) কৃষিশিক্ষা, (৪) পরিসংখ্যান।

**মানবিক বিভাগ**

**আবশ্যিক বিষয়সমূহ:** (১) বাংলা, (২) ইংরেজি, (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
**৩য় বিষয় (যে কোন তিনটি) :** (১) অর্থনীতি, (২) পৌরনীতি ও সুশাসন, (৩) ভূগোল, (৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
**৪র্থ বিষয় (যে কোন একটি):** (১) অর্থনীতি, (২) পৌরনীতি ও সুশাসন, (৩) ভূগোল, (৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (৫) ইসলাম শিক্ষা, (৬) মনোবিজ্ঞান, (৭) কৃষিশিক্ষা।

৭। **Help Line:** ভর্তি সংক্রান্ত যাবতীয় সহযোগিতার জন্য নিম্নলিখিত মোবাইল নম্বরসমূহে যোগাযোগের মাধ্যমে আগামী **২৮ সেপ্টেম্বর ২০২৫ ও ২৯ সেপ্টেম্বর ২০২৫** পর্যন্ত সকাল ৯.০০টা থেকে রাত ৮.০০টা পর্যন্ত প্রয়োজনীয় তথ্য জানা যাবে। মোবাইল: **০১৭৬৯০৫৯৮৬৭, ০১৭৬৯০৫৯৮৬৮, ০১৭৬৯০৫৯৮৬৯, ০১৭৬৯০৫৯৮৭০, ০১৭৬৯০২৬০৮৪, ০১৭৬৯০৫১৭৬২, ০১৭৬৯০৫৬২২৮, ০১৮১৩৭৬২৮১৫**।